এসএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

# ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড: | ১ | ১ | ১ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** ইসলাম শিক্ষার শিক্ষক পাঠ শিরোনামের প্রারম্ভে সকল ছাত্রীদেরকে বললেন, "ছাত্রীরা! মানবজাতির হেদায়েতের জন্য আল্লাহ যুগে যুগে প্রত্যেক সম্প্রদায়ের নিকট পদপ্রদর্শক পাঠিয়েছেন। তারা আমাদেরকে আল্লাহর পরিচয় তুলে ধরেছেন।" প্রসঙ্গক্রমে একজন শিক্ষার্থী বলল, 'স্যার! এই পথ প্রদর্শকগুলোর মধ্যে মহানবী (সা) ছিলেন সর্বশেষ ও সর্বশ্রেষ্ঠ নবী।

ক. (আলহুদা) শব্দের অর্থ কী? ১

খ. কুরআনের নামকরণ 'কুরআন' কেন? ২

গ. শিক্ষক কোন পাঠের শিরোনামের প্রতি ইঙ্গিত করেছেন। ব্যাখ্যা কর। ৩

ঘ. শিক্ষার্থীর মন্তব্যের যথার্থতা কুরআন ও হাদিসের আলোকে বিশ্লেষণ কর।৪

**২.▶** ক ও খ পিতা-পুত্র তারা দুজন মসজিদে প্রায় লা-ইলাহা ইল্লাল্লাহু শব্দের জিকির করে। একদিন বাবা পুত্র 'খ' কে বলল, 'বাবা! এই বাক্যের শিক্ষা প্রতিষ্ঠার জন্য হযরত ইব্রাহীম (আ) অগ্নিকুণ্ডে নিক্ষিপ্ত হয়েছেন। বাবা তার পুত্র 'খ' কে আরও বললেন, "উক্ত বাক্যের যারা অস্বীকার করে তাদের আবাস্থল জাহান্নাম'।

ক. রাসূল শব্দের বহুবচন কি? ১

খ. ইসলাম বলতে কী বোঝায়? ২

গ. পিতা পুত্রের যিকিরের মধ্যে কোন বিষয়বস্তুর ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর।৩

ঘ. পিতার সর্বশেষ মন্তব্য সংশ্লিষ্ট বিষয়বস্তুর আলোকে বিশ্লেষণ কর। ৪

**৩.▶** ফাহাদ ইউপি নির্বাচনে চেয়ারম্যান নির্বাচিত হয়ে জনসম্মুখে ভাষণ দিতে গিয়ে দুটি কথার ওপর বেশি গুরুত্ব দেন। প্রথমত, আমি চেয়ারম্যান হলেও এলাকার যেকোনো বিষয় বা কথায় আপনাদের সবাইকে নিয়ে ঐক্যবদ্ধ হবো এবং ঐক্যমতের ভিত্তিতে এলাকার উন্নয়নের কাজ করবো। দ্বিতীয়ত, কোনো কোনো বিষয় ঐক্যমতের ভিত্তিতে সমাধান না হলে আমি আমার বিবেক বুদ্ধি প্রয়োগ করে সিদ্ধান্ত গ্রহণ করব।

ক. হাদিস সংকলনের স্বর্ণযুগ কখন? ১

খ. কাওলি ও ফি'লি হাদিস বলতে কি বোঝায়? ২

গ. চেয়ারম্যানের প্রথমোক্ত কথার মাধ্যমে কোন বিষয়ের গুরুত্ব ফুটে উঠেছ? ব্যাখ্যা কর। ৩

ঘ. চেয়ারম্যানের দ্বিতীয় মতামত কি শরীয়তের দৃষ্টিকোণ থেকে গ্রহণযোগ্য? বিশ্লেষণ কর। ৪

**৪.▶** জাফর সাহেব রমজান মাস আসলে গরিব দুঃখীদেরকে অকাতরে দান সাদকা করেন। তিনি মনে করেন, কৃপণভাবে চললে হয়তো সম্পদ জমা হবে। কিন্তু বেশিদিন লাভবান হওয়া যাবে না। তার এমন গুণ দেখে জনৈক ব্যক্তি তার

http://teachingbd.com

এক প্রতিবেশিকে বলল, 'ভাই! আমরা এসব লোকদের মত চলা উচিত, তাহলে আল্লাহর কথা স্মরণ হবে।

ক. সর্বপ্রথম হাদীসের বিশুদ্ধ গ্রন্থের নাম কী? ১

খ. সুন্নাতে মুআক্কাদাহ বলতে কি বোঝায়? ২

গ. জাফর সাহেবের কর্মকাণ্ড কীরূপ হয়েছে? সংশ্লিষ্ট হাদিসের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. জনৈক ব্যক্তির মন্তব্য সংশ্লিষ্ট হাদীসের আলোকে বিশ্লেষণ কর। ৪

৫.▶ মাহফুজ সাহেব একটি শিল্প প্রতিষ্ঠানের মালিক। তার অধীনে অনেক লোক কাজ করেন। মাহফুজ সাহেবের মধ্যে কিছু ভালো গুণ দেখা যায়। যেমন - নামাজ পড়া, রোজা পালন করা, রোগীকে দেখতে যাওয়া ইত্যাদি। তার এমন আচরণ দেখে এলাকার ইমাম সাহেব বলল, 'ভাই'! আপনার কাযক্রম ভালো, আপনি নিম্নোক্ত বাণীর প্রতি দৃষ্টি দিলে আল্লাহর কাছে আরো প্রিয় হবেন। বাণীটি হলো- 'তোমাদের অধীনস্ত যেসব দাস-দাসী রয়েছে তাদের প্রতিও সদয় হও।'

ক. ইসলামের সেতুবন্ধন কোনটি? ১

খ. ইসলামে ইলমের গুরুত্ব অপরিহার্য কেন? ২

গ. মাহফুজ সাহেবের মধ্যে কোন কোন হকের প্রতিচ্ছবি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ইমাম সাহেবের বর্ণিত বাণীটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৬.▶ 'ক' একটি মসজিদের ইমাম। একদিন তিনি জুমাবারের মসজিদে নামাজী ব্যক্তিদের উদ্দেশ্যে দুটি ইবাদত সম্পর্কে বক্তব্য দিলেন। প্রথমে, তিনি বললেন- 'মহান আল্লাহ আমাদের সকলের জন্য এমন একটি মাস উপহার দিয়েছেন, যে মাসকে সহানুভূতির মাস বলা হয়। কেননা এ মাসে অনাহারীর ক্ষুধা সহজে বুঝা যায়। দ্বিতীয়ত, আপনাদের মধ্যে ধনী ব্যক্তিগণ আপনাদের সম্পদের পবিত্রতা ও বৃদ্ধির স্বার্থে নির্দিষ্ট হারে অর্থ সম্পদ গরিবদের মাঝে বিতরণ করবেন।

Teachingbd.com

ক. কংকর নিক্ষেপের সময়কাল কখন? ১

খ. হজ বলতে কী বোঝায়? ২

গ. ইমাম সাহেবের প্রথমোক্ত কথায় কোন ইবাদতের গুরুত্ব ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ইমাম সাহেবের দ্বিতীয় মন্তব্যটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৭.▶ কামাল ও জামাল সম্পর্কে ভাই। তারা স্বনির্ভর বাংলাদেশ গড়ার বিষয় নিয়ে আলোচনার এক পর্যায়ে কামাল বলল, 'আমরা ৮৫% মুসলমান এদেশে বাস করি। সে হিসেবে আমরা সকলেই ভাই ভাই। আমরা একটা দেহের মত। আমরা সকলেই একে অপরের সাহায্যে এগিয়ে আসলে দেশ এগিয়ে যাবে। প্রসঙ্গক্রমে জামাল বলল, 'শুধু মুসলমান কেন? একটা দেশে অন্য সম্প্রদায়ের লোকও বাস করে। তাদের প্রতিও ভ্রাতৃত্বসুলভ আচরণ করলে স্বনির্ভর বাংলাদেশ গড়ার উদ্দেশ্যে সফল হবে। আর এটা আমাদের কর্তব্যও তাদের প্রতি ভাল ব্যবহার করা।

ক. ওয়াদাকে আরবি ভাষায় কি বলে? ১

খ. মানব জীবনে তাকওয়া অপরিহার্য কেন? ২

গ. কামালের মনোভাবে কোন ধরনের ভ্রাতৃত্বের বহিঃপ্রকাশ দেখা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. জামালের মতামত কী গ্রহণযোগ্য? বিশ্লেষণ কর। ৪

৮.▶ সাদিক সাহেব সম্পদশালী ব্যক্তি। তিনি তার মেয়ের বিয়েতে গায়ে হলুদের নামে অনেক অর্থ খরচ করেন। বিষয়টি এলাকার ইমাম সাহেব শুনার পর সাদিক সাহেবকে বলল, ভাই! প্রয়োজনের অতিরিক্ত খরচ করা শয়তানের বৈশিষ্ট্য। তিনি সাদিক সাহেবকে কুরআনের নিম্নোক্ত বাণীটি বলল, 'সেদিন ধনসম্পদ কোনো কাজে আসবে না, আর না কাজে আসবে সন্তান-সন্ততি। বরং সেদিন সে ব্যক্তি মুক্তি পাবে, সে আল্লাহর নিকট বিশুদ্ধ আন্তঃকরণ নিয়ে আসবে।

ক. হিংসার আরবি প্রতিশব্দ কী? ১
খ. মানব জীবনে শালীনতা অপরিহার্য কেন? ২
গ. সাদিক সাহেবের এমন খরচ করাকে কি বলে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ইমাম সাহেবের বর্ণিত বাণীটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৯.▶ হাসানের বাবা ধনী ব্যক্তি। হাসান বাবার একমাত্র উচ্চ শিক্ষিত সন্তান। হাসান উচ্চ শিক্ষিত হয়েও কোনো ধরনের কাজকর্ম না করে বেকার বসে দিন কাটায়। তার এমন অবস্থা দেখে তার বন্ধু সালমান বলল, 'এইভাবে বসে না থেকে আমাকে কিছু উৎকোচ দাও, আমি আমার প্রতিষ্ঠানের মালিককে এই উৎকোচ দিয়ে তোমার জন্য কিছু একটা করে দিব।'

ক. আখলাকে যামীমার অপর নাম কি? ১
খ. 'আমর বিল মারুফ' এবং 'নাহি আনিল মুনকার' বলতে কি বোঝায়? ২
গ. হাসানের আচরণে কীসের বহিপ্রকাশ ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. সালমানের মতামতের কুফল সংশ্লিষ্ট বিষয় বস্তুর আলোকে বিশ্লেষণ কর।৪

১০.▶ শফিক ও রফিক দুই সহপাঠি। তারা মহান লোকদের জীবনাদর্শ নিয়ে আলোচনার এক পর্যায়ে শফিক বলল, 'ইসলামে এক মহান ব্যক্তির বৈশিষ্ট্য হলো, শীর্য-বীর্যের অধিকারী, আসাদুল্লাহ ও সাংসারিক।' অন্যতিকে রফিক বলল, 'একজন মুসলিম মনীষী এমন স্বাধীনচেতা ও আত্মসম্মানবোধ সম্পন্ন ছিলেন, যিনি কোনো দিন রাজা বাদশার দরবারে গমনাগমন করতেন না।

ক. মহানবী (সা) কত খ্রি: নবুয়ত প্রাপ্ত হন? ১
খ. প্রাক ইসলামি যুগে আরবদের সামাজিক অবস্থা নিন্দনীয় কেন? ২
গ. শফিকের আলোচনায় কার জীবনাদর্শের মিল পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. রফিকের মন্তব্য সংশ্লিষ্ট মনীষীর জীবনাদর্শের আলোকে বিশ্লেষণ কর। ৪

১১.▶ আবিদা ও আফিফা এইচ.এস.সি পাশের পর ভবিষ্যতে কোন বিষয় নিয়ে অধ্যয়ন করবে এ নিয়ে তারা পরামর্শ করল। একপর্যায়ে আবিদা বলল, 'আমার মধ্যে অজানাকে জানার আকাঙ্ক্ষা প্রবল, এবং দেশ দেশান্তরে ভ্রমণ করব। তাই এই সম্পর্কিত বিষয় নিয়ে পড়ব।' অন্যদিকে. আফিফা বলল, 'আমি এমন বিষয় নিয়ে পড়ব, যে বিষয়কে বিজ্ঞানের মূল বলা হয়।'

ক. মুজামুল বুলদান কার গ্রন্থ? ১
খ. ইমাম গাযযালী (র) কে হুজ্জাতুল ইসলাম বলা হয় কেন? ২
গ. আবিদার মনোভাবে কোন বিষয়ের গুরুত্ব ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. আফিফার মতামত সংশ্লিষ্ট বিষয়বস্তুর আলোকে বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান— ৩০ বিষয় কোড : | ১ | ১ | ১ |

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

**১. ইসলাম মানবজাতির জন্য আল্লাহ তায়লার একটি বিশেষ—**

ক রহমত খ বরকত
গ নিয়ামত ঘ অনুগ্রহ

**২. রমিজ মিয়া মদ পান করাকে হালাল মনে করেন। তার এ কাজ কীসের অন্তর্ভুক্ত?**

ক শিরক খ কুফর
গ কবিরা গুনাহ ঘ ফাসেকী

**৩. ইয়ামামার যুদ্ধ কার বিরুদ্ধে পরিচালিত হয়?**

ক তোলায়হা খ গোলাম আহমদ
গ মুসায়লামা ঘ সাজাহ

**৪. ইমানের মৌলিক বিষয়গুলো বিস্তৃতভাবে বর্ণনা করা হয়েছে—**

i. আল কুরআনে
ii. রাসূল (স.)-এর হাদিসে
iii. ইজমা ও কিয়াসে

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও:**

আব্দুল সালাম একজন কলেজ ছাত্র। সে প্রতিদিন শুদ্ধভাবে কুরআন তেলাওয়াতের চেষ্টা করে। সে কুরআনের অর্থ বুঝে তা মান্য করে চলে।

**৫. শুদ্ধভাবে কুরআন তিলওয়াতের বিধান কী?**

ক ফরয খ ওয়াজিব
গ সুন্নত ঘ নফল

**৬. কুরআন তেলাওয়াতের মাধ্যমে আব্দুল সালামের—**

i. অন্তর পরিশুদ্ধ হবে
ii. মর্যাদা বৃদ্ধি পাবে
iii. নৈতিক ও মানবিক গুণাবলি উন্নত হবে

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৭. কার জন্য ফেরেশতারা দোয়া করেন?**

ক যে বৃক্ষরোপণ করে
খ যে বড়দের সম্মান করে
গ যে দান করে ঘ যে নফল রোযা রাখে

**৮. মুমিন ব্যক্তি সর্বোচ্চ কল্যাণ লাভ করে—**

i. যিকরের মাধ্যমে ii. সবরের মাধ্যমে
iii. শোকরের মাধ্যমে

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৯. 'যাতে সম্পদ শুধু তোমাদের অর্থশালীদের মধ্যেই পুঞ্জীভূত না হয়' এটি কোন সূরার আয়াত?**

ক সূরা তওবা খ সূরা ইবরাহিম
গ সূরা হাশর ঘ সূরা লুকমান

**১০. আল্লামা ওয়াকি (রহ:) কার শিক্ষক ছিলেন?**

ক ইমাম বুখারি (রহ:)
খ ইমাম শাফেয়ি (রহ:)
গ ইমাম আবু হানিফা (রহ:)
ঘ ইমাম মালেক (রহ:)

**১১. কোন সূরায় গিবত করাকে মৃত ভাইয়ের গোশত খাওয়ার সাথে তুলনা করা হয়েছে?**

ক সূরা হাশর খ সূরা ওয়াকিয়া
গ সূরা নাযিয়াত ঘ সূরা হুজরাত

**১২. যে সমাজে ঘুষ লেনদেন প্রসার লাভ করে সে সমাজে সৃষ্টি হয়—**

i. ভীতি
ii. সন্ত্রাস
iii. দারিদ্র্য

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১৩. 'দিওয়ানে আলী' কী?**

ক গল্পগ্রন্থ খ কাব্যগ্রন্থ
গ প্রবন্ধ গ্রন্থ ঘ ব্যাকরণ গ্রন্থ

**১৪. ইসলামে বান্দার হক তথা মানবাধিকারের প্রতি গুরুত্ব দেওয়া হয়েছে— এটি কীসের মাধ্যমে শোনা যায়?**

ক কুরআনের মাধ্যমে
খ হাদিস ও ইজমার মাধ্যমে
গ কুরআন, হাদিসের মাধ্যমে
ঘ ইজমা, কিয়াসের মাধ্যমে

**১৫. ইসলামের কোন রুকন সম্পর্কে কুরআনুল কারিমের একটি পূর্ণ সূরা নাযিল হয়েছে?**

ক সালাত খ সাওম
গ যাকাত ঘ হজ

Teachingbd.com

http://teachingbd.com

১৬. তোমাদের মধ্যে যারা ইমান এনেছে এবং যাদের জ্ঞান দান করা হয়েছে তাদেরকে সমুন্নত করা হয়েছে—
ⓚ সম্মান ⓚ মর্যাদা
ⓖ ইমান ⓖ আমল

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও:**

রিদওয়ান ফরমালিন দিয়ে ফল বিক্রি করে। এজন্য সে নিজেকে অপরাধী মনে করে। এমতাবস্থায় ইমাম সাহেবের কাছে গেলে তিনি বলেন— তোমাকে বৃহত্তর জিহাদ করতে হবে।

১৭. ইসলামের দৃষ্টিতে জিহাদ কত প্রকার?
ⓚ দুই ⓚ তিন
ⓖ চার ⓖ পাঁচ

১৮. বৃহত্তর জিহাদ কোনটি?
i. কাফেরের বিরুদ্ধে জিহাদ
ii. কু-প্রবৃত্তির বিরুদ্ধে জিহাদ
iii. মুনাফেকের বিরুদ্ধে জিহাদ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii
ⓖ ii ও ii ⓖ i, ii ও iii

১৯. 'আমানতদারি সচ্ছলতা এবং খিয়ানত দারিদ্র্য ডেকে আনে' এটি আছে—
ⓚ মুসনাদে আহমেদ
ⓚ মুসানাদে শিহাব আল কাযায়িতে
ⓖ জামে সগির ⓖ মুসতাদারাকে হাকিমে

২০. মহানবি হযরত মুহাম্মদ (সা.) এর ইন্তিকালের পর হযরত আবু বকর (রা.) থেকে বর্ণিত হাদিস দ্বারা সমাধান হয়—
i. খলিফা নির্বাচন ii. দাফন
iii. রাসূলের উত্তরাধিকার বিষয়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২১. 'আল মুকাদ্দিমা' নামক গ্রন্থটির রচিয়তা কে?
ⓚ আল মাসুদি ⓚ নাসির উদ্দীন তুসি
ⓖ মুসা আল খাওয়ারেযমি
ⓖ ইবনে খালদুন

২২. হযরত উসমান (রা.) কত বছর বয়সে ইসলাম গ্রহণ করেন?
ⓚ ৩৪ ⓚ ৩৫
ⓖ ৩৬ ⓖ ৪০

২৩. ব্যয় করার ক্ষেত্রে মধ্যপন্থা অবলম্বন করা কিসের লক্ষণ?
ⓚ কৃপণতার ⓚ বুদ্ধিমত্তার
ⓖ মিতব্যয়িতার ⓖ দরিদ্রতার

২৪. আখিরাতের বিশ্বাসের ফলে মানুষ—
i. দায়িত্বশীল হয়
ii. সৎকর্ম সম্পাদনে এগিয়ে আসে
iii. আত্মনির্ভরশীল হয়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৫. কোনটি সুন্নতে গায়রে মুয়াক্কাদা?
ⓚ বছরে দুই ঈদের সালাত
ⓚ এশার পর বিতরের সালাত
ⓖ আসরের ফরযের পূর্বে সুন্নত সালাত
ⓖ মাগরিবের ফরযের পর সুন্নত সালাত

২৬. তাবিঈর কথা, কাজ ও অনুমোদনকে কোন প্রকার হাদিস বলে?
ⓚ মাকতু ⓚ মারফু
ⓖ খিয়ানত ⓖ প্রতারণা

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও:**

নকিব সাহেব তার বন্ধুর গোপন কথা অন্যের কাছে বলে তার বন্ধুর সম্মান নষ্ট করে।

২৭. নকিব সাহেবের এ আচরণ কিসের অর্ন্তভুক্ত?
ⓚ জুলুম ⓚ ওয়াদা
ⓖ খিয়ানত ⓖ প্রতারণা

২৮. নকিব সাহেবের এরূপ আচরণের ফলে—
i. বন্ধুত্ব নষ্ট হবে
ii. তিনি গুনাহগার হবেন
iii. তার ইমানের কমতি হবে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৯. ভ্রাতৃত্ববোধ ও সাম্প্রদায়িক সম্প্রীতির ভূমিকা গুরুত্বপূর্ণ কারণ—
i. এটি মানব সমাজে শান্তি প্রতিষ্ঠা করে
ii. এটি সুশীল সমাজ গঠনে সহায়তা করে
iii. ধর্মীয় অনুভূতি জাগ্রত করে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৩০. সৎকর্মশীল জীবনযাপনের মূলকথা কী?
ⓚ তাকওয়া ⓚ আদল
ⓖ সত্যবাদীতা ⓖ সবর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | খ | ৩ | গ | ৪ | ক | ৫ | খ | ৬ | ঘ | ৭ | গ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | ক | ১১ | ঘ | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | ঘ |
| | ১৬ | খ | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | ঘ | ৩০ | ক |

Teachingbd.com

http://teachingbd.com